



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ৬২৭(৮)/৩য়-১৮/সংস্থাপন স্মারকে গঠিত “অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা” (G.R.S) কার্যক্রম পরিচালনা কমিটি” অত্র শিক্ষা বোর্ডের অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা (G.R.S) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নিয়ে অদ্য ২৪/০২/২০২২ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকায় শিক্ষা বোর্ডের উপ পরিচালক (হি: নি:), জনাব মো: বাদশা হোসেন এর অফিস কক্ষে ৩য় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত উপ পরিচালক (হি: নি:) জনাব মো: বাদশা হোসেন। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্র:নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মো: বাদশা হোসেন, উপ পরিচালক (হি: নি:) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	আস্থায়ক
২.	জনাব মো: জাহিদুর রহিম, উপ পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য
৩.	জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য
৪.	জনাব মো: নেসার উদ্দীন আহম্মদ উপ সচিব (প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	বিকল্প ফোকাল পয়েন্ট
৫.	জনাব হোসনে আরা আরজু, উপ-বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	ফোকাল পয়েন্ট

আলোচ্য বিষয়-১ : অভিযোগ প্রতিকার ব্যবস্থার অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা/অনিক এর তথ্য যাচাই প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-১ : স্মারক নং -৪৭১/১ম - ১৬২/সং তাং- ২/২/২২ আদেশে অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অভিযোগ কর্মকর্তা/অনিক হিসেবে এই বোর্ডের সচিব মো হুমায়ূন কবীর কে নিয়োগ করা করা হয়েছে কিন্তু অনিক এর তথ্য যাচাই করে দেখা যায় যে, চেয়ারম্যান মহোদয়ের নাম, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল নম্বর দেওয়া আছে। এই বিষয়ে কমিটির সদস্যগণ চেয়ারম্যান মহোদয়ের সাথে সরাসরি কথা বলার সিদ্ধান্ত গ্রহণ করে।

- আলোচ্য বিষয়-২ : প্রশিক্ষনের বিষয় সংক্রান্ত আলোচনা।
- সিদ্ধান্ত-২ : আগামী ১২/০৩/২০২২ তারিখ অভিযোগ প্রতিকার ও ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষনের দিন বিশেষভাবে জি.আর.এস পদ্ধতিতে কিভাবে অভিযোগ দাখিল করতে হয়, অনিক কিভাবে অভিযোগ দেখবেন, কিভাবে নিষ্পত্তি করবেন এই বিষয়ে সম্পূর্ণরূপে ধারণা গ্রহন করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।
- আলোচ্য বিষয়-৩ : দুটি স্বচ্ছ অভিযোগ বাক্স স্থাপন সংক্রান্ত আলোচনা।
- সিদ্ধান্ত-৩ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সুষ্ঠু, সুন্দর ও সেবাগ্রহিতার সুবিধার্থে দুটি স্বচ্ছ অভিযোগ বাক্স এই বোর্ডের সর্বজন দৃশ্যমান স্থানে স্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

  
(জনাব মো: বাদশা হোসেন)

আস্হায়ক

অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা (জি আর এস)  
পরিচালনা কমিটি

ও

উপ-পরিচালক (হি:নি:)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী